

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

যেসকল অফিস বা কর্মকর্তা বিভাগীয় পর্যায়ে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ/দপ্তর/সংস্থার শ্রেষ্ঠ ইনভেশন হিসেবে নির্বাচিত হয়েছেন সেসকল ইনভেশন সম্বন্ধে নিম্নোক্ত ছক পূরণপূর্বক প্রেরণের অনুরোধ করা হলো:

দপ্তর/সংস্থা/ বিভাগের নাম	শ্রেষ্ঠ উদ্যোগের নাম	উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ	ছবি (৩/৪) টি
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।	(LAPMS) Land Accusation Process Management System	<p>১. কেন এ উদ্যোগ?</p> <p><b>উত্তরঃ</b> স্মার্ট বাংলাদেশ গড়ার অংশ হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিটি সেক্টরে স্মার্ট পরিকল্পনাকে স্বাগত জানিয়েছেন। এই উন্নয়ন প্রক্রিয়ার একটি অবিচ্ছেদ্য অংশ হচ্ছে ভূমি অধিগ্রহণ। ভূমি অধিগ্রহণ বরাবরই একটি জটিল এবং সময় সাপেক্ষ প্রক্রিয়া। এই প্রক্রিয়াকে সহজ ও আধুনিকায়নের মাধ্যমে ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের অধিকতর স্বচ্ছতার সাথে দ্রুত ক্ষতিপূরণ প্রদান এবং ভূমি অধিগ্রহণ শাখার কাজে গতি আনয়নের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েই এই উদ্যোগ নেওয়া হয়েছে।</p> <p>২. কোন চিন্তা ধারা থেকে এবং কিভাবে এ উদ্যোগ নেওয়া হল?</p> <p><b>উত্তরঃ</b> অধিগ্রহণ কার্যক্রমের দীর্ঘসূত্রিতা দূরীকরণ, অধিগ্রহণ সম্পর্কিত যে কোন হালনাগাদ তথ্য প্রাপ্তিতে জটিলতা নিরসন, কর্মকর্তাদের সাথে সাক্ষাত প্রাপ্তির অনিশ্চয়তা দূরীকরণ, পুরাতন এলএ কেস সমূহের ডাটাবেইজ প্রস্তুত করে অনলাইনে সংরক্ষণের প্রয়োজনীয়তা অনুধাবন করে একটি সম্মানিত অনলাইন প্ল্যাটফর্ম তৈরী করার উদ্যোগ গ্রহণ করা হয়।</p> <p>৩.এ উদ্যোগের প্রভাব?</p> <p><b>উত্তরঃ</b> ক. ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ার জটিলতা হ্রাস করণ। খ. অধিগ্রহণের ভিন্ন নোটিশ ও এওয়ার্ড সমূহ অটোমেটিক প্রস্তুত হওয়ায় সময় ও শ্রম উল্লেখযোগ্য ভাবে হ্রাস হয়েছে। গ. ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের পাশাপাশি উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রকল্পের কাজের অগ্রগতি অবহিত হতে পান তাৎক্ষণিক ভাবে। ঘ. অনলাইনে দ্রুত কার্যক্রম সম্পাদান। ঙ. উর্ধ্বতন কর্তৃপক্ষের মনিটরিং সহজী করণ।</p> <p>৪. তথ্য প্রযুক্তির সংশ্লেষ?</p> <p><b>উত্তরঃ</b> এটি একটি আধুনিক ওয়েব এ্যাপ্লিকেশন। এটি তৈরীতে My sql ডেটা বেইজ এবং সার্ভার সাইডে php Laravel 10.0 ভার্সন টেকনোলজি ব্যবহার করা হয়েছে। রেকর্ড সংরক্ষণের ও ব্যবস্থা রয়েছে এই অনলাইন প্ল্যাটফর্মে।</p> <p>৫. কতটুকু টেকসই?</p> <p><b>উত্তরঃ</b> যেহেতু এই ওয়েব প্ল্যাটফর্মে অধিগ্রহণ সম্পর্কিত সকল ডাটা সংরক্ষণ করা হচ্ছে, ভবিষ্যতে যে কোন অধিগ্রহণ কার্যক্রম এবং নথিপত্র পর্যালোচনায় এটি যথাযথ ভাবে ব্যবহার করা যাবে এবং একটি প্ল্যাটফর্মে অনেকগুলো সার্ভিস সমন্বয় করা হয়েছে। সেহেতু এই উদ্যোগটি টেকসই হিসেবে বিবেচিত।</p> <p>৬. অর্থায়নের উৎস?</p> <p><b>উত্তরঃ</b> জেলা প্রশাসনের নিজস্ব তহবিল।</p> <p>৭. রেন্ডিট করা যাবে কিনা?</p> <p><b>উত্তরঃ</b> অন্যান্য জেলা প্রশাসকের কার্যালয়ে সরাসরি ও দপ্তরে পুরো বা আংশিক ভাবে রেন্ডিট করা যাবে।</p>	

*Signature*  
20/06/2028

মোঃ আনিছুর রহমান  
সিনিয়র সহকারী সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়